মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড ঘোষপাড়া সড়ক নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভা ১ নম্বর ওয়ার্ড ঘোষপাড়ার ড্রেন ও রাস্তার উদ্বোধন করা হয়েছে। গত শনিবার বিকেলে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এই ড্রেন ও রাস্তা সংস্কারণ কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনের সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন মেহেরপুর পৌরসভাতে প্রায় সাড়ে ২০ কোটি টাকা কাজের ভিতরে ১ নম্বর ওয়ার্ডে ৬ থেকে ৭ কোটি কাজ রয়েছে। যাতে আগামী দুই বছর পরে মানুষের আর কোন চাওয়া পাওয়া না থাকে। আর যারা বিগত দিনে এই উন্নয়নকে বাধা গ্রস্ত করেছে মেহেরপুর পৌরবাসীকে পিছিয়ে রেখেছে আজকে সেই সমস্ত কালো ছায়া থেকে ইনশাল্লাহ আমরা আলোর পথে পা রেখেছি।

তিনি আরো বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন আগামী দুই বছরের ভিতরে মেহেরপুর পৌরসভাকে সাজিয়ে দিবে যত টাকা লাগে উনিদেবে ও মেহেরপুর পৌরসভাকে একটা মডেল পৌরসভা করে তুলবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভা ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর, ঘোষপাড়া জামে মসজিদের পেশ ইমাম, ১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন শ্রেনীপেশার মানুষসহ বিভিন্ন নেতা কর্মীর উপস্থিত ছিলেন।